131

দৈনিক ইনকিলাব

তারিখ ... 16 DE 1998 ...
পৃষ্ঠা ৩ কলাম ৫

## ১৮ ডিসেম্বর ঢাকা ভার্সিটি ভূগোল ও পরিবেশ বিভাগের সুবর্ণ জয়ন্তী অনুষ্ঠান

প্রেস বিজ্ঞপ্তি ঃ ঢাকা বিশ্ববিদ্যালয় ভূগোল ও পরিবেশ বিভাগের পঞ্চাশ বর্ষপূর্তি উপলক্ষে দু'দিনব্যাপী সুবর্ণ জয়ন্তী অনুষ্ঠান ১৮ ডিসেম্বর বিভাগ প্রাঙ্গনে শুরু হবে। এ উপলক্ষে বিস্তারিত কর্মসূচী ঘোষণা করা হয়েছে। সকাল ৯টা ৩০ মিনিটে উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি থাকবেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর অধ্যাপক এ কে আজাদ চৌধুরী। ইতিপূর্বে চাঁদা প্রদানকারী প্রাক্তন ছাত্র-ছাত্রীদের সকাল ৯টার মধ্যে বিভাগ প্রাঙ্গনে উপস্থিত থাকতে অনুরোধ জানানো হয়েছে।

জুম্মার নামাজের বিরতির পর বেলা ২টায় বিভাগে ভূগোল প্রদর্শনী উদ্বোধন করবেন উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক এম আমিনুল ইসলাম। এ প্রদর্শনী সবার জন্য খোলা থাকবে। বেলা আড়াইটায় বিভাগের প্রাক্তন ছাত্র-ছাত্রীদের স্মৃতিচারণ অনুষ্ঠিত হবে।